# হাদির চিকিৎসক দলকেও বিদেশি নম্বর থেকে হুমকি দেওয়া হচ্ছে: ডা. আব্দুল আহাদ



সংগৃহীত ছবি

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের নিউরোসার্জন ডা. মোহাম্মদ আব্দুল আহাদ জানিয়েছেন, ওসমান হাদির চিকিৎসার সঙ্গে সংশ্লিষ্ট চিকিৎসকেরাও বিভিন্ন মাধ্যমে হুমকির শিকার হচ্ছেন। তার দাবি, ভারতীয় নম্বর থেকে ফোন করে চিকিৎসকদের ভয়ভীতি দেখানো হচ্ছে।

রোববার (১৪ ডিসেম্বর) দুপুরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে হাদির শারীরিক অবস্থা পরিদর্শনে গিয়ে আয়োজিত ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। উল্লেখ্য, ডা. আব্দুল আহাদ আগে ঢামেকে হাদির চিকিৎসায় সরাসরি যুক্ত ছিলেন।

তিনি বলেন, "আমাদের জীবন এখন হুমকির মধ্যে। ধারাবাহিকভাবে বিদেশি নম্বর থেকে ফোন করে হুমকি দেওয়া হচ্ছে। আমাদের ব্যক্তিগত নম্বর প্রকাশ করে বিভিন্ন গ্রুপে ছড়িয়ে দেওয়া হচ্ছে। এমনকি পরিবার ও বাসার অবস্থান ট্র্যাক করার চেষ্টা করা হচ্ছে।"

হাদিকে বিদেশে পাঠিয়ে উন্নত চিকিৎসা দেওয়ার বিষয়ে ডা. আব্দুল আহাদ জানান, এ ধরনের একটি পরিকল্পনা বিবেচনায় রয়েছে। তবে এখনো চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি। তার ভাষ্য অনুযায়ী, মেডিকেল বোর্ড একটি কেস সামারি প্রস্তুত করেছে, কিন্তু রোগীর বর্তমান শারীরিক অবস্থা বিদেশে স্থানান্তরের জন্য যথেষ্ট স্থিতিশীল কি না—তা নিয়েই মূল উদ্বেগ রয়েছে।